

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড

আদেশ

তারিখ : ১ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ/ ১৫ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ২৩৪/২০১৭/কাস্টমস — Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 6 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে বোর্ড, জনস্বার্থে, নিম্নবর্ণিত শর্ত এবং সীমা আরোপ সাপেক্ষে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর সদস্যগণ কর্তৃক চোরাচালান বিরোধী কার্যক্রম পরিচালনার লক্ষ্যে Customs Act এর section 158, 159, 160, 161, 163, 164, 168, 171 এর ক্ষমতা অর্পণ করিল:

শর্তাবলি :

- (ক) আইনের section 6 এর sub-section (2) এর বিধান অনুযায়ী এই ক্ষমতা অর্পণ Customs Act এর অধীনে ঘোষিত কাস্টমস বন্দর/ বিমানবন্দর/স্থল কাস্টমস স্টেশন/ ইনল্যান্ড কন্টেইনার ডিপো/ ইনল্যান্ড ওয়াটার কন্টেইনার টার্মিনাল/কাস্টমস এলাকা এর অভ্যন্তরে প্রযোজ্য হইবে না;
- (খ) বাংলাদেশের স্থল সীমান্তের ০৫ (পাঁচ) মাইলের মধ্যবর্তী এলাকার জন্য এই ক্ষমতা অর্পণ প্রযোজ্য হইবে। ০৫ (পাঁচ) মাইলের বাইরে এই ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট টাক্সফোর্সের সমন্বয়ে কার্যক্রম পরিচালনা করিতে হইবে;
- (গ) প্রদত্ত ক্ষমতার অধীনে পণ্য আটকের ক্ষেত্রে আইনের section 169 এর বিধান মোতাবেক কার্যক্রম পরিচালনা করিতে হইবে; এবং
- (ঘ) উপর্যুক্ত ধারাসমূহের আওতায় কোন কার্যক্রম পরিচালনার পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে ঘটনার পূর্ণ বিবরণ সম্বলিত একটি প্রতিবেদন এখতিয়ারাধীন কাস্টমস কমিশনারের নিকট দাখিল করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৬৯৪৭)

মূল্য : টাকা ৪.০০